

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৫৪
ধর্মনগর, ১২ মার্চ, ২০২৪

বেটি বাঁচাও বেটি পড়াও অভিযান
বালিধুমে নারী চৌপল

বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে গতকাল ধর্মনগরের বালিধুমে নারী চৌপল অনুষ্ঠিত হয়। তাপিহাম নিম্নবুনিয়াদী বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন সমাজসেবী করিশমা রিয়াং, ধর্মনগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক সঞ্জীব কুমার দাস প্রমুখ। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আর্থিক সহায়তায় ও ধর্মনগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে বেটি বাঁচাও বেটি পড়াও বিষয়ের উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ। তিনি বলেন, আমাদের দায়িত্ব নিতে হবে মেয়েদের শিক্ষা ও সুরক্ষার। অনুষ্ঠানে দ্রুত গতিতে হাঁটা ও মিউজিক্যাল চেয়ার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তাছাড়াও অনুষ্ঠিত হয় কুইজ প্রতিযোগিতা।
